বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

২৩ মে, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সংস্থার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:

সভার সভাপতি	: জনাব আশুতোষ লাহিড়ী, মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।
সভার তারিখ ও সময়	: ২৩ মে, ২০১৯; বেলা ০২:০০ ঘটিকা।
সভার স্থান	: মহাব্যবস্থাপক (বীজ), এর দপ্তর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র:নং:	নাম	পদবী
১.	জনাব মোঃ আবুল কালাম আজাদ	যুগ্ম-সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২.	জনাব মো: জুলফিকার আলী	জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩.	জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ	সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
	জনাব মোঃ জান্নাতুল মিয়া	উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব জনাব মো: আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সওব্য) সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার শুরুতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ণ পরিবীক্ষণ-২০১৮-১৯ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত ধারণার উপর সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
১.	**বিদেশে শিক্ষা সফর:** ২০১৮-১৯ অর্থ বছরে বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রমের সাথে সম্পৃক্ত ০৪ জন কর্মকর্তা এবং উদ্ভাবকগণের মধ্য থেকে ০৪ জন কর্মকর্তা মোট ০৮ জনকে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং এ প্রেরণ করতে হবে।	সভায় জানানো হয় যে, এ বিষয়ে যুগ্মসচিব নিওক বিভাগকে প্রত্র প্রেরণ করা হয়েছে।	সওব্য বিভাগ ও নিওক বিভাগ
২.	**উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি:** উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির জন্য ১ দিন, ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজন হবে। সে মোতাবেক বাজেট বরাদ্দ ও প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	উদ্ভাবনী খাতে সর্বমোট ০৫ (পাঁচ) লক্ষ টাকা বাজেট বাজেট প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ০২ দিনের ১টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। ২ ও ১ দিনের অবশিষ্ট প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা নেওয়া হচ্ছে।	সওব্য বিভাগ ও অর্থ বিভাগ
৩.	**উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবান ও যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম:** আহবান বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	উদ্ভাবনী ধারণা চেয়ে পুনরায় ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। ০২ দিনের প্রশিক্ষণ কর্মশালা থেকে প্রাপ্ত ০৬ টি উদ্ভাবনী ধারণা যাচাই-বাছাই করে চূড়ান্ত করতে হবে।	সওব্য বিভাগ ও আইসিটি সেল, বিএডিসি, ঢাকা
৪.	**উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং:** সভায় জানানো হয় যে, বর্তমান অর্থ বছরে কমপক্ষে ০২ টি পাইলটিং রেপ্লিকেশন করতে হবে।	সভায় ইতোমধ্যে একটি পাইলটিং রেপ্লিকেশন হয়েছে মর্মে জানানো হয় এবং আরো একটি পাইলটিং রেপ্লিকেশন করার বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	সওব্য বিভাগ
৫.	**ইনোভেশন শোকেসিং:** নূন্যতম একটি ইনোভেশন শোকেসিং এর আয়োজন করতে হবে। শোকেসিং এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নিজ উদ্যোগে একটি সরাসরি রেপ্লিকেশন করা হয়েছে আরো একটি রেপ্লিকেশন করতে হবে।	১। আইসিটি সেল,বিএডিসি, ঢাকা ২। সওব্য বিভাগ
৬.	**উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন:** নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক বা জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা করতে হবে।	"সার ব্যবস্থাপনা সেবা" এর উপর কমপক্ষে ০১ মিনিটের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জোর তাগিদ দিতে হবে।	১) জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা। ২) সওব্য বিভাগ

ক্র:নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
৭.	**ইনোভেশন মেন্টরিং:** ইনোভেশন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে মেন্টর-মেন্টি কর্মশালার আয়োজন করতে হবে।	মেন্টর-মেন্টিদের কর্মশালার আয়োজন মন্ত্রণালয়ের মাধ্যমে করতে হবে।	১। আইসিটি সেল,বিএডিসি, ঢাকা ২। সওব্য বিভাগ
৮.	**স্বীকৃতি বা প্রণোদনা প্রদান :** কর্মপরিকল্পনা মোতাবেক উদ্ভাবকগণকে তাদের কাজে উৎসাহ প্রদানের জন্য প্রশংসাসূচক উপ আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। উপস্থিত সকল কর্মকর্তা এ বিষয়ে একমত পোষণ করেন।	"নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় উদ্ভাবনী ধারণা প্রদানকারী ০৬ জন টিম লিডারকে উদ্ভাবনী ধারণা প্রদানের স্বীকৃতি স্বরুপ থ্যাংকস লেটার প্রদান করতে হবে।	সওব্য বিভাগ
৯.	**পার্টনারশীপ ও নেটওয়ার্কিং:** সভায় জানানো হয় যে, কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে তাদের সাথে সমঝোতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে ইনোভেশন কার্যক্রম আরো বেশী ত্বরানিত হয়।	সার ডিলারদেরকে অংশিজন চিহ্নিত করে সমঝোতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সওব্য বিভাগ ২। সার ব্যবস্থাপনা বিভাগ
১০.	**ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ :** ইনোভেশনের সকল তথ্য ওয়েবসাইটে ইনোভেশন কর্ণারে হালনাগাদ করতে হবে। সভায় জানানো হয় সকল তথ্য হালনাগাদের কার্যক্রম অব্যাহত রয়েছে।	আইসিটি সেলের মাধ্যমে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য বিএডিসি'র ইনোভেশন ওয়েবসাইটে হালনাগাদের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	আইসিটি সেল, বিএডিসি, ঢাকা
১১.	**ই-সেবা তৈরী ও বাস্তবায়ন:** সভায় জানানো হয় যে, নূন্যতম একটি ই-সেবা বাস্তবায়ন করতে হবে।	ই-সেবা নির্ধারণ ও বাস্তবায়ন করার বিষয়ে সার ব্যবস্থাপনা বিভাগের সাথে আলোচনা করতে হবে।	১। ইনোভেশন কমিটি
১২.	**সেবা পদ্ধতি সহজিকরণ:** সভায় জনানো হয় যে, নূন্যতম ০১ টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন করতে হবে।	সংস্থার যানবাহন মেরামত বিষয়ক অভ্যন্তরীণ সেবা সহজিকরণের বিষয়ে ১টি প্রতিবেদন দাখিল করার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে পত্র প্রেরণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ও
ইনোভেশন অফিসার, বিএডিসি।

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০৯.১৮.৯২১

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ২৮ মে, ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২। জনাব মোঃ জুলফিকার আলী, জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩। ড. বশির আহম্মেদ, উপ ব্যবস্থাপক (এএসসি), বিএডিসি, ঢাকা।
৪। সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী(নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৫। জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৬। জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা, বিএডিসি, ঢাকা।
৭। যুগ্মসচিব (নিয়োগ ও কল্যাণ/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
৮। মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/অর্থ), বিএডিসি, ঢাকা।
৯। প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১০। উপ-প্রধান, মনিটরিং বিভাগ, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা।

(মোঃ আবুল কালাম আজাদ)
যুগ্ম-সচিব, (সওব্য)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, ইনোভেশন কমিটি